**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

**সংবাদ গতিধারা**
**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**
**সংখ্যা ৫৩/২০১৮-১৯**
**ঢাকা, মঙ্গলবার ১৮ সেপ্টেম্বর ২০১৮, ৩ আশ্বিন ১৪২৫**
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

**১।** **ভারত-বাংলাদেশ ডিজেল পাইপলাইন নির্মাণকাজ আজ উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

**২।** **চট্টগ্রাম ও মোংলা বন্দর ব্যবহার করতে পারবে ভারত : মন্ত্রিসভায় চুক্তির খসড়া অনুমোদন**

**৩।** **স্কুল-কলেজ এমপিওভুক্তি শুরুর নির্দেশ প্রধানমন্ত্রীর**

**৪।** **নদী ভাঙ্গনে ক্ষতিগ্রস্তদের পাশে দাঁড়ানোর নির্দেশ প্রধানমন্ত্রীর**

**৫।** **পেট্রল বোমায় আহতসহ ১২ জনকে প্রধানমন্ত্রীর অনুদান**

**৬।** **বিশ্বব্যাংক বাংলাদেশে সহায়তা দিন দিন বাড়াচ্ছে : অর্থমন্ত্রী**

**৭।** **সরকারি ৩ লাখ ১০ হাজার পদ শূন্য : সংসদে জনপ্রশাসন মন্ত্রী**

**৮।** **বঙ্গবন্ধুর খুনি নূর চৌধুরীকে ফেরাতে আলোচনা অব্যাহত রয়েছে : সেতুমন্ত্রী**

**৯।** **বাল্যবিয়ে বন্ধে সার্বজনীন আইন প্রণয়নের পরিকল্পনা সরকারের রয়েছে : সংসদে আইনমন্ত্রী**

**১০।** **জাতীয় সংসদে দু'টি বিল পাস**

**১১।** **শরীয়তপুরে নড়িয়ার ভাঙনরোধে ১২শ' কোটি টাকা বরাদ্দ হয়েছে : সংসদে পানিসম্পদ প্রতিমন্ত্রী**

**১২।** **প্রথম ও দ্বিতীয় শ্রেণির জন্য কোটা না রাখার সুপারিশ কোটা পর্যালোচনা কমিটির**

**১৩।** **বৈশ্বিক পরিমণ্ডলে বাংলাদেশের মর্যাদা অক্ষুণ্ন রাখতে হবে : আইজিপি**

**১৪।** **এএফসি অনূর্ধ্ব-১৬ নারী ফুটবলে বাহরাইনের বিপক্ষে বাংলাদেশের ১০ গোল**

চলমান পাতা-২

**১।	ভারত-বাংলাদেশ ডিজেল পাইপলাইন নির্মাণকাজ আজ উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

'ভারত-বাংলাদেশ ফ্রেন্ডশিপ পাইপলাইন'এর নির্মাণকাজ আজ ভিডিও কনফারেন্সের মাধ্যমে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি যৌথভাবে উদ্বোধন করবেন। জ্বালানি নিরাপত্তা আরও জোরদার করতে এ পাইপলাইন কার্যকর অবদান রাখবে। বর্তমানে ভারতসহ বিভিন্ন দেশ থেকে আমদানিকৃত তেল চট্টগ্রাম বন্দরে জাহাজ হতে খালাস করে চট্টগ্রাম ডিপোতে সঞ্চয় করে রাখা হয়। পরে কোস্টাল ট্যাংকে করে খুলনার দৌলতপুর ডিপোতে আনা হয়। সেখানে আনলোড করে আবার রেলের ওয়াগনে আপলোড করে নিয়ে যাওয়া হয় পার্বতীপুরে। এ প্রক্রিয়ায় পরিবহণজনিত সমস্যা, অতিরিক্ত সময় এবং অর্থের অপচয় হয়। পাইপলাইনের মাধ্যমে তেল আনলে এ তিনটারই সাশ্রয় হবে। গতকাল (১৭ সেপ্টেম্বর সোমবার) বিদ্যুৎ জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়।

ভারতীয় এলওসি'র অর্থায়নে বাংলাদেশ রেলওয়ের ঢাকা-টঙ্গী সেকশনে ৩য় ও ৪র্থ ডুয়েলগেজ লাইন এবং টঙ্গী-জয়দেবপুর সেকশনে ডুয়েলগেজ ডাবল লাইন নির্মাণপ্রকল্প দু'টির উদ্বোধন করা হবে। এক তথ্য বিবরণীতে উল্লেখ করা হয়েছে, ঢাকা-টঙ্গী-জয়দেবপুর সেকশনের অধীন ট্রেন পরিচালনার লক্ষ্যে সেকশনাল ক্যাপাসিটি বৃদ্ধিকরণ এ প্রকল্পের মূল লক্ষ্য। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৭)।

**২।	চট্টগ্রাম ও মোংলা বন্দর ব্যবহার করতে পারবে ভারত : মন্ত্রিসভায় চুক্তির খসড়া অনুমোদন**

চট্টগ্রাম ও মোংলা বন্দর ব্যবহার করে ভারতীয় পণ্য সে দেশের উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যে পরিবহণের জন্য একটি চুক্তির খসড়া অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। বাংলাদেশের ভূখণ্ডের মধ্য দিয়ে এ পণ্য পরিবহণের জন্য ভারতের কাছ থেকে গ্যাট নীতিমালা অনুসারে শুল্ক বা কর ব্যতীত মাশুল ও পরিবহণ খরচ আদায় করা হবে বলে সরকারের পক্ষ থেকে জানানো হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার কার্যালয়ে গতকাল (১৭ সেপ্টেম্বর সোমবার) মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে চুক্তির খসড়াটি অনুমোদনের পর সাংবাদিকদের কাছে এর বিস্তারিত তুলে ধরেন মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৬)।

**৩।	স্কুল-কলেজ এমপিওভুক্তি শুরুর নির্দেশ প্রধানমন্ত্রীর**

শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর এমপিওভুক্তির কার্যক্রম শুরু করতে শিক্ষামন্ত্রীকে নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, প্রাপ্ত আবেদনগুলো ভালোভাবে যাচাই-বাছাই করে দেখবেন। যে সকল প্রতিষ্ঠান সকল শর্ত পূরণ করেছে তাদের তালিকা তৈরি করেন। প্রধানমন্ত্রী গতকাল (১৭ সেপ্টেম্বর সোমবার) তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে অনির্ধারিত আলোচনায় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদকে এ নির্দেশ দিয়েছেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৪)।

**৪।	নদী ভাঙ্গনে ক্ষতিগ্রস্তদের পাশে দাঁড়ানোর নির্দেশ প্রধানমন্ত্রীর**

শরীয়তপুর জেলার নড়িয়ায় পদ্মা ও উত্তরাঞ্চলের বিভিন্ন এলাকায় নদীভাঙনের কবলে পড়ে ব্যাপক ক্ষয়ক্ষতির ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ভাঙনকবলিত এলাকার ক্ষতিগ্রস্তদের পাশে দাঁড়াতে মন্ত্রী ও স্থানীয় এমপিসহ সংশ্লিষ্টদের প্রতি কঠোর নির্দেশও দেন তিনি। গতকাল (১৭ সেপ্টেম্বর সোমবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে অনির্ধারিত আলোচনায় এ নির্দেশ দেন তিনি। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১.,ক.৫), **সমকাল** (পৃ.১৯,ক.২), **ডেইলি স্টার** (পৃ.২,ক.৮)।

**৫।	পেট্রল বোমায় আহতসহ ১২ জনকে প্রধানমন্ত্রীর অনুদান**

সন্ত্রাসীদের পেট্রল বোমায় আহতদের পরিবার, গুরুতর অসুস্থ দলের নেতাকর্মী, চিকিৎসাধীন সাবেক জাতীয় ফুটবলার, নিহত আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যসহ মোট ১২ জনকে এক কোটি ৭৫ লাখ টাকা অনুদান দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (১৭ সেপ্টেম্বর সোমবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে তাদের পরিবারের সদস্যদের কাছে

অনুদানের চেক হস্তান্তর করেন তিনি। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৬)।



**৬। বিশ্বব্যাংক বাংলাদেশে সহায়তা দিন দিন বাড়াচ্ছে : অর্থমন্ত্রী**

বহুল আলোচিত পদ্মা সেতু ইস্যুতে সাম্প্রতিক বছরগুলোতে বিশ্বব্যাংকের সঙ্গে বাংলাদেশের সম্পর্কে টানাপোড়েন চললেও অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত মনে করেন, সংস্থাটির সঙ্গে আমাদের সুসম্পর্ক রয়েছে। এর ধারাবাহিকতায় ভবিষ্যতে এ সম্পর্ক আরো সুদৃঢ় হবে। তারা বাংলাদেশে দিন দিন সহযোগিতা বাড়াচ্ছে। গতকাল (১৭ সেপ্টেম্বর সোমবার) রাজধানীর একটি হোটেলে সংস্থাটির সহযোগী প্রতিষ্ঠান আইএফসি'র বিনিয়োগ পরিকল্পনা শীর্ষক এক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯, ক.২), **সংবাদ** (শেষ পৃ,ক. ৮), **নিউ নেশন** (শেষ পৃ.,ক. ৬), **নিউ এজ** (শেষ পৃ, ক.৮)।

**৭। সরকারি ৩ লাখ ১০ হাজার পদ শূন্য : সংসদে জনপ্রশাসনমন্ত্রী**

জনপ্রশাসনমন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলাম জানিয়েছেন, বর্তমানে দেশে মন্ত্রণালয় অধিদফতরের আওতাধীন ৩ লাখ ১০ হাজার ৫১১টি পদ শূন্য রয়েছে। গতকাল (১৭ সেপ্টেম্বর সোমবার) দশম জাতীয় সংসদের ২২তম অধিবেশনে এক প্রশ্নের জবাবে মন্ত্রী এসব তথ্য জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ, ক.১), **ইত্তেফাক** (পৃ.৩,ক.১)।

**৮। বঙ্গবন্ধুর খুনি নূর চৌধুরীকে ফেরাতে আলোচনা অব্যাহত রয়েছে : সেতুমন্ত্রী**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের খুনি নূর চৌধুরীকে দেশে ফিরিয়ে আনার ব্যাপারে আলোচনা অব্যাহত রয়েছে বলে জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল (১৭ সেপ্টেম্বর সোমবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-ছাত্র কেন্দ্রে বঙ্গবন্ধুর খুনি নূর চৌধুরীকে দেশে ফিরিয়ে আনার দাবিতে অনলাইন স্বাক্ষর সংগ্রহ কর্মসূচির উদ্বোধনের সময় তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ. ১৯,ক. ৮), **সংবাদ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৯। বাল্যবিয়ে বন্ধে সার্বজনীন আইন প্রণয়নের পরিকল্পনা সরকারের রয়েছে : সংসদে আইনমন্ত্রী**

আইনমন্ত্রী আনিসুল হক সংসদকে জানিয়েছেন, বাল্যবিয়ে বন্ধে একটি সার্বজনীন আইন প্রণয়নের পরিকল্পনা সরকারের রয়েছে। বাল্যবিয়ে বন্ধে প্রচলিত বর্তমান আইনকে যথাযথভাবে কার্যকর করার জন্য সরকার নিরন্তর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। গতকাল (১৭ সেপ্টেম্বর সোমবার) সংসদে প্রশ্নোত্তরপর্বে মন্ত্রী একথা জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬)।

**১০। জাতীয় সংসদে দু'টি বিল পাস**

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি, বিলসহ গতকাল (১৭ সেপ্টেম্বর সোমবার) জাতীয় সংসদে মোট দুটি বিল কণ্ঠভোটে পাস হয়েছে। অপর বিলটি হচ্ছে হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট বিল-২০১৮। পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল এবং ধর্ম বিষয়কমন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান বিল দু'টি পাসের জন্য উত্থাপন করলে তা কণ্ঠভোটে পাস হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৮)।

**১১। শরীয়তপুরে নড়িয়ার ভাঙনরোধে ১২শ' কোটি টাকা বরাদ্দ হয়েছে : সংসদে পানিসম্পদ প্রতিমন্ত্রী**

পানিসম্পদ প্রতিমন্ত্রী নজরুল ইসলাম জাতীয় সংসদকে জানিয়েছেন, শরীয়তপুরে নড়িয়ার নদী ভাঙনরোধে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হয়েছে, এরই মধ্যে নড়িয়ার ভাঙনরোধে ৭-৮ কোটি টাকার কাজ হয়েছে। আরো ১২শ' কোটি টাকা বরাদ্দ দেওয়া হয়েছে। অতি দ্রুত কাজগুলো করা হবে। গতকাল (১৭ সেপ্টেম্বর সোমবার) জাতীয় সংসদে এক সম্পূরক প্রশ্নের উত্তরে তিনি এসব কথা জানান। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৩.,ক.৫)।

**১২। প্রথম ও দ্বিতীয় শ্রেণির জন্য কোটা না রাখার সুপারিশ কোটা পর্যালোচনা কমিটির**

সরকারি চাকরির নবম থেকে ১৩তম গ্রেড পর্যন্ত (প্রথম ও দ্বিতীয় শ্রেণির পদ) কোনো ধরনের কোটা না রেখে মেধার ভিত্তিতে নিয়োগের নিয়ম চালু করতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে সুপারিশ করেছে কোটা পর্যালোচনার জন্য গঠিত সরকারের উচ্চ পর্যায়ের কমিটির। এ কমিটির আহ্বায়ক মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম গতকাল

(১৭ সেপ্টেম্বর সোমবার) মন্ত্রিসভার বৈঠকশেষে সচিবালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।



**১৩। বৈশ্বিক পরিমণ্ডলে বাংলাদেশের মর্যাদা অক্ষুণ্ন রাখতে হবে : আইজিপি**

জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে বাংলাদেশের গৌরবোজ্জ্বল ভূমিকা রয়েছে উল্লেখ করে আইজিপি ড. মোহাম্মদ জাবেদ পাটোয়ারী বলেছেন, বৈশ্বিক পরিমণ্ডলে বাংলাদেশের মর্যাদা ও গৌরব অক্ষুণ্ন রাখার জন্য পুলিশ সদস্যদের অত্যন্ত নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করতে হবে। গতকাল (১৭ সেপ্টেম্বর সোমবার) পুলিশ হেডকোয়ার্টার্সের সম্মেলনকক্ষে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে মালিগামী দু'টি কন্টিনজেন্টের পুলিশ সদস্যদের উদ্দেশ্যে প্রি-ডিপ্লয়মেন্ট ব্রিফিংকালে তিনি এ আহ্বান জানান। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৩.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.২,ক.৮)।

**১৪। এএফসি অনূর্ধ্ব-১৬ নারী ফুটবলে বাহরাইনের বিপক্ষে বাংলাদেশের ১০ গোল**

**ঢাকার** কমলাপুর স্টেডিয়ামে গতকাল (১৭ সেপ্টেম্বর সোমবার) বাংলাদেশ ১০-০ গোলে বাহরাইনকে হারিয়েছে। এ জয়ের মাধ্যমে এএফসি অনূর্ধ্ব-১৬ নারী ফুটবলের 'এফ' গ্রুপের বাছাইপর্বে শুভ সূচনা করল বাংলাদেশ। বিরতির আগে ও পরে ৫টি করে গোল দেয় বাংলাদেশের মেয়েরা। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **যুগান্তর** (পৃ.১১,ক.১), **ডেইলি স্টার** (পৃ.১৫,ক.১), **নিউজ টুডে** (পৃ.১৩,ক.১)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি) এর মানব উন্নয়ন প্রতিবেদন ২০১৮ এ ১৮৯টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান ১৩৬তম, যা গত বৎসরের চেয়ে দুই ধাপ অগ্রগতি উল্লেখ করে অগ্রগতির এ ধারা অব্যাহত থাকবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**খ.** **ভোরের কগজ, সমকাল, যুগান্তর, সংবাদ, যায়যায়দিন, বণিক বার্তা, নিউ এজ, নিউজ টুডে, ডেইলি স্টারঃ :** পরিবেশ দূষণজনিত মৃত্যুতে দক্ষিণ এশিয়ায় শীর্ষে বাংলাদেশ এক প্রতিবেদনে এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে পরিবেশ দূষণ প্রতিরোধে পরিবেশ সংরক্ষণ আইনের যথাযথ প্রয়োগ ও বাস্তবায়ন নিশ্চিত করতে পরিবেশ অধিদপ্তরকে কার্যকর ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

**গ.** **জনকণ্ঠ :** এশিয়া কাপ ক্রিকেটে দুবাই আন্তর্জাতিক স্টেডিয়ামে শ্রীলংকাকে হারিয়ে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল শুভসূচনা করায় স্বাগত জানিয়ে এ সাফল্যের ধারা অব্যাহত থাকবে বলে প্রত্যাশা ব্যক্ত ।

**ঘ.** **প্রথম আলো :** জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগের শিক্ষকদের আন্তঃকোন্দলের জের ধরে তারা ক্লাস ও পরীক্ষা নেওয়া বন্ধ করে দিয়েছেন উল্লেখ করে শিক্ষকদের এ ধরনের স্বেচ্ছাচারিতার নজির দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়গুলোতে প্রভাব বিস্তার করার আশংকায় এ ব্যাপারে কঠোর ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

**ঙ.** **যায়যায়দিন :** দেশে গত ১০ বছরে আগের ১০ বছরের তুলনায় প্রবাসী আয় বেড়েছে চারগুণ, এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ায় সন্তোষ প্রকাশ করে অগ্রগতির এ ধারা অব্যাহত রাখতে কার্যকর পদক্ষেপ গ্রহণ ও তার সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

**চ.** **নিউ নেশন :** দেশে গুরুতর বিভিন্ন রোগের চিকিৎসা ব্যয়বহুল হওয়ায় তা ভুক্তভোগী রোগী ও তার পরিবারকে আর্থিকভাবে নিঃস্ব করে তোলে উল্লেখ করে সব সরকারি হাসপাতালে কম খরচে জটিল রোগের চিকিৎসার ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ।

**ছ.** **অবজারভার :** উন্নয়নের স্বার্থে গুণগত শিক্ষার ওপর জোর দেয়ার পাশাপাশি দরিদ্র শিক্ষার্থীদের সাধারণ শিক্ষাসহ আইসিটি শিক্ষায় আরও আগ্রহী করতে বিভিন্ন ধরনের সুযোগ-সুবিধা বৃদ্ধি করার সুপারিশ।

## উপসম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, একটি দেশকে নির্মাণ করা এবং সে দেশের মানুষকে সার্বিক নিরাপত্তা দেওয়া রাজনীতির অন্যতম উদ্দেশ্য হওয়া উচিত।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'ট্রাফিক আইনের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করুন'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, দেশের সবাই ট্রাফিক আইনের প্রতি সচেতন হলে সড়ক দুর্ঘটনা কমে আসবে।

#ং

ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা